ডলারের দরবৃদ্ধির প্রভাব বার্জারের মুনাফায়

পণ্য বিক্রিতে প্রবৃদ্ধি অব্যাহত থাকলেও বৈশ্বিক বাজারে কাঁচামালের মূল্যবৃদ্ধি ও টাকার বিপরীতে ডলারের দরবৃদ্ধি মুনাফায় প্রভাব ফেলেছে বার্জার পেইন্টস বাংলাদেশের। চলতি হিসাব বছরের প্রথম প্রান্তিকে আগের বছরের একই সময়ের তুলনায় পণ্য বিক্রি ৬ দশমিক ৮৫ শতাংশ বাড়লেও মুনাফা ১৮ দশমিক ২৯ শতাংশ কমে গেছে বহুজাতিক কোম্পানিটির।কোম্পানির কর্মকর্তারা বলছেন, পেইন্টের বাজারে আধিপত্য আগের মতো থাকলেও মূলত কাঁচামালের মূল্যবৃদ্ধিতে আলোচ্য সময়ে কাঙ্ক্ষিত মুনাফা পায়নি বার্জার পেইন্টস। পাশাপাশি টাকার বিপরীতে ডলারের মূল্যবৃদ্ধিও মুনাফা কমে যাওয়ায় প্রভাব ফেলছে বলে তাদের দাবি।বার্জার পেইন্টসের কোম্পানি সচিব খন্দকার আবু জাফর সাদিক বণিক বার্তাকে বলেন, আন্তর্জাতিক বাজারে কাঁচামালের মূল্যবৃদ্ধির কারণে চলতি বছর উত্পাদন ব্যয় বেড়ে গেছে। টাকার বিপরীতে ডলারের মূল্যবৃদ্ধিও এক্ষেত্রে ভূমিকা রেখেছে। দেশের অন্য বহুজাতিক কোম্পানিগুলোকেও একই অভিজ্ঞতার সম্মুখীন হতে হয়েছে।http://bonikbarta.net

দ্বিতীয় প্রান্তিকে এশিয়া প্যাসিফিকের ইপিএস ৫২ পয়সা

চলতি হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকে (এপ্রিল-জুন) এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৫২ পয়সা। আগের বছর একই সময়ে তা ছিল ৬৩ পয়সা। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে জানা গেছে, ৩০ জুন কোম্পানির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়ায় ১৮ টাকা ৫০ পয়সায়।এদিকে প্রথমার্ধে (জানুয়ারি-জুন) কোম্পানিটির ইপিএস হয়েছে ৮২ পয়সা, আগের বছর একই সময়ে যা ছিল ১ টাকা ৬ পয়সা।৩১ ডিসেম্বর সমাপ্ত ২০১৬ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে ১০ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা করেছে এশিয়া প্যাসিফিক, সম্প্রতি বার্ষিক সাধারণ সভায় (এজিএম) তা অনুমোদন করেছেন শেয়ারহোল্ডাররা। এ সময়ে সাধারণ বীমা খাতের তালিকাভুক্ত কোম্পানিটির ইপিএস হয়েছে ১ টাকা ৫০ পয়সা, আগের বছর যা ছিল ১ টাকা ৫২ পয়সা। ৩১ ডিসেম্বর কোম্পানির নিরীক্ষিত এনএভিপিএস দাঁড়ায় ১৭ টাকা ৭০ পয়সায়।http://bonikbarta.net

এক দশকেও পূর্ণতা পায়নি নেত্রকোনা বিসিক শিল্পনগরী

প্রতিষ্ঠার ১০ বছর পেরিয়ে গেলেও গ্যাস সংযোগের অভাবে এখনো পূর্ণতা পায়নি নেত্রকোনার বিসিক শিল্পনগরী। সেখানকার ৮০ শতাংশ প্লট এখনো অনুত্পাদনশীল অবস্থায় পড়ে রয়েছে। বরাদ্দকৃত প্লট ব্যবহারেও রয়েছে নানা অনিয়ম। এর সঙ্গে রয়েছে শিল্পনগরীটির নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের জনবল সংকট। সবকিছু মিলিয়ে প্রতিষ্ঠার এক দশকেও পূর্ণাঙ্গ ও কর্মচঞ্চল শিল্পনগরী হিসেবে গড়ে উঠতে ব্যর্থ হয়েছে নেত্রকোনা বিসিক শিল্পনগরী।শিল্প-কারখানা স্থাপনের জন্য সীমান্তবর্তী সম্ভাবনাময় জেলা নেত্রকোনায় ১৯৯৩ সালে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের অধীনে স্থাপিত হয় বিসিক শিল্প সহায়ক কেন্দ্র। এর ১১ বছরের মাথায় ২০০৪ সালের ডিসেম্বরে জেলা শহরের দক্ষিণ প্রান্তে ১৫ একর জমির ওপর গড়ে তোলা হয় বিসিক শিল্পনগরী। নেত্রকোনা অভিমুখী মহাসড়কের পাশে চল্লিশা ইউনিয়নের রাজেন্দ্রপুর এলাকায় অবস্থিত এ শিল্পাঞ্চলে ১০৩টি প্লট তৈরি করা হয়। ২০০৮ থেকে ২০১২ সাল পর্যন্ত এখানকার প্লটের জন্য বরাদ্দ কার্যক্রম চলে।http://bonikbarta.net

যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্য আলোচনায় ছেদ

চীন ও যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য ঘাটতি কমিয়ে আনার লক্ষ্য নিয়ে তিন মাস আগে দ্বিপক্ষীয় আলোচনা শুরু হয়। এর সুবাদে বেশকিছু প্রাথমিক চুক্তি সম্পন্ন হলেও বাণিজ্য ঘাটতি হ্রাসের লক্ষ্য পূরণে এখনো অনেক কাজ বাকি রয়েছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের ব্যবসা প্রতিষ্ঠানগুলো। কিন্তু বাণিজ্য আলোচনা-বিষয়ক ১০০ দিনের কর্মপরিকল্পনার মেয়াদ গতকাল রোববার শেষ হওয়ায় এর গতিতে ছেদ পড়েছে। খবর রয়টার্স ও এএফপি।চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের যুক্তরাষ্ট্র সফরের সূত্র ধরে গত এপ্রিল থেকে দুই দেশের মধ্যে বাণিজ্য-বিষয়ক আলোচনা শুরু হয়। আর্থিক সেবা, বিনিয়োগ, জ্বালানি ও বাণিজ্য নিয়ে আলোচনার উদ্দেশ্যে তখন ১০০ দিনের অর্থনৈতিক কর্মপরিকল্পনা উন্মোচন করা হয়। উভয়পক্ষই বর্তমানে এ কর্মপরিকল্পনায় বেশ অগ্রগতি দেখতে পাচ্ছে। এ আলোচনার সূত্র ধরেই ১৪ বছর পর মার্কিন গরুর মাংসের জন্য নিজেদের বাজার খুলে দেয় চীন। সেই সঙ্গে বেইজিংয়ের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রের তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) ক্রয়েরও প্রতিশ্রুতি দেয়া হয়েছিল। এছাড়া চীনের আর্থিক সেবা খাতের বেশকিছু ক্ষেত্রে মার্কিন কোম্পানির প্রবেশাধিকার রয়েছে।http://bonikbarta.net

উবারের সঙ্গে যৌথভাবে ম্যাভেন চালু করল জিএম

অস্ট্রেলিয়ায় কার শেয়ারিং সেবা ম্যাভেনের কার্যক্রম সম্প্রসারণে আগ্রহী জেনারেল মোটরস কোম্পানি (জিএম.এন)। লক্ষ্য পূরণে তাই অনলাইন অ্যাপসভিত্তিক পরিবহন সেবা প্রতিষ্ঠান উবারের সঙ্গে যৌথভাবে একটি পাইলট প্রোগ্রাম হাতে নিয়েছে তারা। ম্যাভেন সম্প্রসারণে অস্ট্রেলিয়ায় পরীক্ষামূলকভাবে এ কর্মসূচি নেয়া হয়েছে বলে শনিবার মার্কিন বহুজাতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠানটির পক্ষ থেকে জানানো হয়। খবর রয়টার্সএর আওতায় উবার চালকদের জিএমের অস্ট্রেলিয়ান সহযোগী প্রতিষ্ঠান জিএম হোল্ডেনের তৈরি গাড়ি ভাড়া করার অনুমতি দেয়া হয়েছে। জিএম হোল্ডেনের যোগাযোগ-বিষয়ক পরিচালক শন পোপিট বলেন, উবার চালকদের হোল্ডেন গাড়ি ভাড়া দেয়ার মধ্য দিয়ে আমরা অস্ট্রেলিয়ায় ম্যাভেনের পণ্য পরীক্ষামূলকভাবে চালু করেছি।’http://bonikbarta.net

জ্বালানি কৃষিপণ্য ও ব্যবহারিক ধাতুর দরপতন, বেড়েছে মূল্যবান ধাতুর

চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে (এপ্রিল-জুন) বৈশ্বিক পণ্যবাজারে জ্বালানিপণ্যের দাম ছিল নিম্নমুখী। একই সঙ্গে কৃষিপণ্যের বাজারেও খাদ্যশস্য ছাড়া মোটামুটি অন্য সব পণ্যেরই দাম ছিল কমতির দিকে। একই সঙ্গে ব্যবহারিক ধাতুর বাজারও এ সময় পার করেছে বেশ নিম্নমুখিতায়। অন্যদিকে মূল্যবান ধাতুর বাজার এ সময় বেশ উর্ধ্বমুখী হয়ে উঠেছিল। গত প্রান্তিকে বৈশ্বিক পণ্যবাজার পরিস্থিতি নিয়ে প্রকাশিত বিশ্বব্যাংকের পিংক শিট প্রতিবেদন সূত্রে এ তথ্য জানা গেছে।চলতি বছরের এপ্রিল-জুন প্রান্তিকে দরপতন হয়েছে জ্বালানি তেল ও প্রাকৃতিক গ্যাসের। এ সময় এলএনজির দাম স্থিতিশীল থাকলেও কয়লার দাম ছিল নিম্নমুখী। অন্যদিকে এ সময় খাদ্যশস্যের বাজারও ছিল চড়ার দিকে। তবে আমিষপণ্যের বাজারে স্থিতিশীলতা এবং ভোজ্যতেল ও চিনির বাজারে নিম্নমুখিতার কারণে এ সময় কৃষিপণ্যের সার্বিক গড় মূল্য ছিল কমতির দিকে। একই পরিস্থিতি দেখা গেছে ব্যবহারিক ও খনিজ ধাতুর বাজারে। অন্যদিকে মূল্যবান ধাতুর আন্তর্জাতিক বাজারে দেখা গেছে বেশ চাঙ্গাভাব।http://bonikbarta.net

সরবরাহ চাপে দরপতনে চীনাবাদাম

টানা দু-তিন মাস স্থির থাকার পর নিম্নমুখী হয়ে উঠেছে চীনাবাদামের বাজার। দেশে ভোগ্যপণ্যের বৃহত্তম পাইকারি বাজার খাতুনগঞ্জে সপ্তাহের ব্যবধানে চীনাবাদামের দাম কমেছে মণে (৩৭ দশমিক ৩২ কেজি) ৯০০ টাকা। স্থানীয় ব্যবসায়ীরা জানান, চাহিদা স্থিতিশীল থাকলেও মূলত বাড়তি সরবরাহের চাপে দরপতন অব্যাহত রয়েছে পণ্যটির।চট্টগ্রামের খাতুনগঞ্জ ও চাক্তাই এলাকার আড়ত ও দোকানগুলোয় খোঁজ নিয়ে জানা গেছে, গতকাল বাজারে প্রতি মণ খোসা ছাড়া চীনাবাদাম বিক্রি হয়েছে ২ হাজার ৪২৫ থেকে ২ হাজার ৪৩০ টাকায়। এক সপ্তাহ আগেও বাজারে একই মানের চীনাবাদাম বিক্রি হয়েছিল ৩ হাজার ৩৫৮ থেকে ৩ হাজার ২৮৪ টাকায়। সে হিসাবে এক সপ্তাহের ব্যবধানে পণ্যটির দাম কমেছে মণে ৮৫৮-৯৩৩ টাকা।http://bonikbarta.net